

এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা

প্রিয় ছাত্রীরা, জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় স্কুল-কলেজ পর্যায়ের সকল ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল। প্রতিযোগিতার নিয়মাবলী নিচে দেয়া হলোঃ

- ✓ ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে
- ✓ মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে
- ✓ ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক
- ✓ ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে। ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে
- ✓ কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে
- ✓ ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে। বাংলা ভাষায় ভিডিও চিত্র নির্মাণ করতে হবে
- ✓ ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে, যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়
- ✓ ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে
- ✓ দলীয় ভিডিওর ক্ষেত্রে সদস্য সংখ্যা ৫ জনের বেশি হতে পারবে না। এক্ষেত্রে পুরস্কারের অর্থ সমহারে সদস্যদের মাঝে বন্টন করা হবে
- ✓ YouTube Link- www.youtube.com/@AmarChokhe_Bangabandhu এ নমুনা ভিডিও আপলোড করা আছে। লিংক থেকে ধারণা নেয়া যাবে, তবে ইউটিউবে আপলোড করা ভিডিওর প্রতিক্রম তৈরি করা থেকে বিরত থাকতে হবে।

ভিডিও সমূহ মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে ০৮ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে প্রতিষ্ঠানের ইমেইল এড্রেসে (dcgpsc2005@gmail.com) প্রেরণ করতে হবে। ড্রাইভ লিংকের মাধ্যমে পাঠালে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে।